



MANBHUM MAHAVIDYALAYA

(ACCREDITED BY NATIONAL ASSESSMENT AND ACCREDITATION COUNCIL)
(AFFILIATED TO THE SIDHO-KANHO-BIRSHA UNIVERSITY)

VirGanganarayan Road
P.O:- MANBAZAR * DIST:- PURULIA * Pin-723131(West Bengal)
Phone & Fax No: (03253) 255632
Email:mb_college@rediffmail.com

Ref.No.

Date: 26/08/2023

বিজ্ঞপ্তি

গত ২৪ অগাস্ট ২০২৩ তারিখে মানবাজার-১ বিডিও অফিসে অনুষ্ঠিত রোড সেফটি কমিটির সভা থেকে প্রাপ্ত নির্দেশ অনুযায়ী মানভূম মহাবিদ্যালয়ের সকল ছাত্রছাত্রীকে এতদ্বারা জানানো হচ্ছে যে -

- (১) মানবাজার থেকে কলেজের গেট অবধি যে সড়ক রয়েছে, সেই সড়কে হেঁটে যাতায়াতের সময়ে কোনো দু'জন ছাত্র/ছাত্রী পাশাপাশি হাঁটবে না, বরং লাইনে অর্থাৎ আগেপিছে হাঁটবে,
- (২) রাস্তার পিচের ওপর দুই ধারে যে সাদা লাইন মার্কার রয়েছে, বা যে রোড স্টাড (রাতে যেখান থেকে আলো ঠিকরোয়) রয়েছে, হাঁটার সময়ে সেটা ক্রস ক'রে মূল রাস্তার ওপরে উঠে যাবে না,
- (৩) রাস্তায় হাঁটার সময়ে ফোনে কথা বলবে না, বা ফোনের স্ক্রিনের দিকে তাকাবে না, কল এলে রাস্তার সাইডে সুরক্ষিত জায়গায় দাঁড়িয়ে কথা ব'লে তারপরে আবার হাঁটা শুরু করবে,
- (৪) সঙ্গে সাইকেল নিয়ে হাঁটলে সেই সাইকেল সবসময়ে নিজের ডানদিকে রাখবে, এবং সেই সাইকেল যেন সাদা লাইন মার্কার বা রোড স্টাড পেরিয়ে মূল রাস্তায় না চ'লে আসে,
- (৫) সবসময়ে রাস্তার বাঁ-দিক ধ'রে হাঁটবে এবং ঘনঘন পেছনের দিকে তাকিয়ে দেখবে কোনো গাড়ি আসছে কিনা, কোনো গাড়ি দ্রুত গতিতে আসছে দেখলে রাস্তার আরও ধারে সুরক্ষিত অবস্থানে দাঁড়িয়ে যাবে, গাড়ি তোমাকে পেরিয়ে গেলে আবার হাঁটা শুরু করবে,
- (৬) রাস্তা পেরোনোর সময়ে দুই দিকে চেয়ে দেখবে কোনো গাড়ি আসছে কিনা, গাড়ি আসছে দেখলে দাঁড়িয়ে যাবে, রাস্তা পেরোনোর জন্য তাড়াছড়ো করবে না এবং "গাড়ি আসার আগে আমি রাস্তা পেরিয়ে যাবো" এমন কোনো চ্যালেঞ্জ নেবে না, গাড়ি অনেক দূরে এবং ধীরগতিতে আসছে দেখলে তবেই রাস্তা পেরোবে; তোমার কোনো বন্ধু রাস্তা-পেরোতে অতি-সাহস দেখালেও তার সঙ্গে পাল্লা দেওয়ার জন্য তাড়াছড়ো করবে না।

Amndal

ড. পার্থ সারথি মণ্ডল

ভারপ্রাপ্ত অধ্যক্ষ

মানভূম মহাবিদ্যালয়

Teacher-In-charge
Manbhum Mahavidyalaya
Manbazar, Purulia

কলেজের স্ট্যাম্প

